# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৫১

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৭. মধু

بَاب الْعَسَلِ

আরবী

حَدَّثَنَا أَبُو بِشْرٍ، بَكْرُ بْنُ خَلَفٍ حَدَّثَنَا عُمَرُ بْنُ سَهْلٍ، حَدَّثَنَا أَبُو حَمْزَةَ الْعَطَّارُ، عَنِ الْحَسَنِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ أُهْدِيَ لِلنَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ عَسَلٌ فَقَسَمَ بَيْنَنَا لُعْقَةً لُعْقَةً فَأَخَذْتُ لُعْقَتِي ثُمَّ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَزْدَادُ أُخْرَى قَالَ " نَعَمْ " .

বাংলা

২/৩৪৫১। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মধু উপঢৌকন দেয়া হলে তিনি তা আমাদের মধ্যে অল্প অল্প চেটে খাওয়ার জন্য বণ্টন করেন। আমি আমার চেটে খাওয়ার পরিমাণ নেয়ার পর বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমাকে আরো একবার দিন। তিনি বলেনঃ আচ্ছা।

## English

It was narrated that Jabir bin ‘Abdullah said:
“Some honey was given as a gift to the Prophet (ﷺ), and he shared among us spoonful by spoonful. I took my spoonful then I said: ‘O Messenger of Allah, can I have another?’ He said: ‘Yes.’”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. উমার বিন সাহল সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি কখনো কখনো সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী তবে সানাদে তিনি সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২৫১, ২১/৩৮২ নং পৃষ্ঠা) ২. আবু হামযাহ আল-আত্তার সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার দুর্বলতা সহকারে তার হাদিস গ্রহন করা যায়। আবু বাকর আল-বাযযার বলেন, আমার দৃষ্টিতে তার হাদিস বর্ণনায় কোন

দোষ নেই। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি কাদারিয়া মতাবলম্বী ছিলেন। আহমাদ বিন হাম্বল বলেন, তার অবস্থা সম্পর্কে আমার কোন ধারনা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়্যা মতাবলম্বী হওয়ার ব্যাপারে সমালোচনা রয়েছে। আমর বিন আলী আল-ফাল্লাস বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫১, ২/৪২৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন